

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
প্রশিক্ষণ উইং  
খামারবাড়ি, ঢাকা  
Website: www.dae.gov.bd

স্মারক নং-২৭৮

তারিখ: ১৩/০৫/২০১৯ খ্রি.

২০১৯-২০ শিক্ষাবর্ষে চার বছর মেয়াদি ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার শিক্ষাক্রমে অনলাইনে  
শিক্ষার্থী ভর্তি বিজ্ঞপ্তি

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর-এর আওতাধীন সারা দেশে ১৮ (আঠার)টি সরকারি কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (এটিআই) সমূহে ৪ (চার) বছর মেয়াদি 'ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার' শিক্ষাক্রমে ২০১৯-২০ শিক্ষাবর্ষে শিক্ষার্থী ভর্তির জন্য অনলাইন-এর মাধ্যমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। ভর্তির আবেদন বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ডের ওয়েবসাইটে (www.bteb.gov.bd) দাখিল করতে হবে।

ক) ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার (৪ বছর মেয়াদি) কোর্সে ভর্তির আবেদনের যোগ্যতা :

২০১৫, ২০১৬, ২০১৭, ২০১৮ ও ২০১৯ সালে দেশের সকল শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত এসএসসি ও দাখিল/এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল)/সমমান পরীক্ষায় উত্তীর্ণ কমপক্ষে জিপিএ ২.৫০ প্রাপ্ত শিক্ষার্থীরা অথবা 'ও' লেভেলে যেকোনো একটি বিষয়ে 'সি' গ্রেড এবং গণিতসহ অন্য যেকোনো দুটি বিষয়ে ন্যূনতম 'ডি' গ্রেড পেয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০১৯-২০ শিক্ষাবর্ষে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

খ) ভর্তি কার্যক্রমের সময়সূচি :

অনলাইনে আবেদনের সময়সীমা (ফরম পূরণের ন্যূনতম ১ ঘণ্টা পূর্বে ঢাকা জমা দিতে হবে)	ফলাফল প্রকাশ (এসএমএস-এর মাধ্যমে ও ওয়েবসাইটে)	ভর্তির সময়সীমা		ক্লাস তারিখ	সরকার
		মূল মেধা তালিকা হতে	অপেক্ষমাণ (মেধাক্রম) তালিকা হতে (আসন শূন্য থাকা সাপেক্ষে)		
১২/০৫/২০১৯ হতে ০৮/০৬/২০১৯ (রাত ১১.৫৯ ঘটিকা পর্যন্ত)	১৫/০৬/২০১৯	১৬/০৬/২০১৯ হতে ২৫/০৬/২০১৯ (রাত ১১.৫৯ ঘটিকা পর্যন্ত)	২৯/০৬/২০১৯ হতে ২৫/০৭/২০১৯	০১/০৮/২০১৯	

গ) ভর্তি সংক্রান্ত তথ্যাবলি :

- ১। প্রার্থী নির্বাচনে কোনো ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে না, কেবলমাত্র এসএসসি ও দাখিল/এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) ও 'ও' লেভেলসহ সমমানের পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হবে।
- ২। ভর্তির জন্য কারিগরি শিক্ষাবোর্ডের (www.bteb.gov.bd) ওয়েবসাইটের মাধ্যমে Web Link: www.btebadmission.gov.bd থেকে অনলাইনে আবেদন করতে হবে।
- ৩। অনলাইনে আবেদনের ক্ষেত্রে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা রকেট/শিওরক্যাশ/বিকাশ-এর মাধ্যমে জমাদান সাপেক্ষে আবেদন করা যাবে।
- ৪। সরকারি ডিপ্লোমা প্রতিষ্ঠানে ভর্তির জন্য ২৩৮/- (দুইশত আটত্রিশ) টাকা রকেট/শিওরক্যাশ/বিকাশ-এর মাধ্যমে প্রদান সাপেক্ষে ভর্তি নিশ্চয়ন/রেজিস্ট্রেশন করতে হবে।
- ৫। ডিপ্লোমা ইন এগ্রিকালচার-এর ক্ষেত্রে সরকার নির্ধারিত ভর্তি সংক্রান্ত সকল কোটা যথাযথভাবে অনুসরণ করতে হবে।
- ৬। এসএসসি পাস/সমমানের পরীক্ষার প্রাপ্ত নম্বরের মেধাভিত্তিতে এবং সকল জেলাসমূহ থেকে ভর্তির জন্য প্রার্থী বাছাই করা হবে। অনলাইনে আবেদনের ক্ষেত্রে সকল সরকারি এটিআইসমূহ (১৮টি) হতে পছন্দক্রমে অনুযায়ী (১০টি) ধারাবাহিকভাবে নির্বাচন/নির্ধারণ করতে হবে।
- ৭। ভর্তির সময় প্রার্থীর ৪ (চার) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি, মূল মার্কসিট/ট্রান্সক্রিপ্ট, নাগরিকত্ব সনদ, কোটায় ভর্তির সপক্ষে প্রয়োজনীয় সনদ দাখিল সাপেক্ষে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

কিংকর চন্দ্র দাস

পরিচালক

প্রশিক্ষণ উইং

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

e-mail: twdae@hotmail.com

ডিজি-৪২৬/১৯